



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম


সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।



২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির গুরুত্বপূর্ণ নির্দেশনা:

- ১। ৯ আগস্ট ২০২০ হতে ২০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ইন্টাননেট এর www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করা যাবে, তবে ১৫ আগস্ট ২০২০ জাতীয় শোক দিবসে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে। এস এম এস এর মাধ্যমে আবেদন করা যাবে না। ভর্তি সংক্রান্ত সাধারণ নির্দেশনা, আবেদন পদ্ধতি, ফি প্রদান পদ্ধতি, বোর্ড অনুযায়ী কলেজের নাম (জেলা, থানা ভিত্তিক) ন্যূনতম জিপিএ আসন বিস্তারিত উক্ত ওয়েবসাইটে দেয়া আছে। উক্ত ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে আবেদন করতে হবে।
- ২। নগদ/ সোনালী ব্যাংক /টেলিটক/বিকাশ/শিওর ক্যাশ /রকেট এর মাধ্যমে সার্ভিস চার্জসহ আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা প্রদান করতে হবে। ওয়েবসাইটে 'ফি প্রদান পদ্ধতি' ক্লিক করে বিস্তারিত জানা যাবে। আবেদন ফি জমাদানের পর www.xiclassadmission.gov.bd এ য়েয়ে Apply online ক্লিক করে আবেদন করতে হবে। আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তাঁর প্রদত্ত Contact Number- এর মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবেন এবং যাতে একটি সিকিউরিটি কোড (Security Code) থাকবে। এই Security Code টি গোপনীয়তা ও সতর্কতার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।
- ৩। আবেদন ফি পরিশোধ করার সময় এবং প্রথমবার আবেদনের সময় শিক্ষার্থীকে একটি মোবাইল নম্বর (নিজের/ অভিভাবকের নিবন্ধিত) দিতে হবে, যেটি শিক্ষার্থীর Contact Number হিসেবে বিবেচিত হবে। Contact Number টি শিক্ষার্থীর জন্য অতীব গুরুত্বপূর্ণ কেননা পরবর্তীতে শিক্ষার্থীর সকল যোগাযোগ ও আবেদনের জন্য এই Contact Number টির প্রয়োজন হবে। ফি প্রদানের সময় শিক্ষার্থীর এসএসসি রোলনম্বর, পাসের সন এবং বোর্ডের নাম সতর্কতার সাথে পূরণ করতে হবে।
- ৪। একজন শিক্ষার্থী সর্বনিম্ন ৫ টি কলেজে এবং সর্বোচ্চ ১০ টি কলেজে আবেদন করতে পারবে। তবে একই প্রতিষ্ঠানের একাধিক শিফট/ /ভার্সন/গ্রুপে আবেদন করা যাবে। আবেদন করার পূর্বেই কলেজের নাম ঠিক করে পছন্দক্রম সাজাতে হবে। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের প্রদত্ত সনদ থাকতে হবে।
- ৫। আবেদন করার সময় কলেজের পছন্দক্রম বিশেষ বিবেচনা পূর্বক সাবধানে পূরণ করতে হবে। পছন্দক্রম নির্ধারণে কলেজের মান ও পরিবেশ, যাতায়াত ও দুরত্ব, কলেজ টিউশন ফি ও অন্যান্য ব্যয় ইত্যাদি বিবেচনা করা উচিত। একজন আবেদনকারী উক্ত ওয়েবসাইটে ঢুকে সতর্কভাবে পাঠবার কলেজের পছন্দক্রম এবং কলেজের নাম পরিবর্তন করতে পারবে। পছন্দক্রম অনুসারে উপরের কলেজের আসন শূন্য হলে স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশন হবে।
- ৬। এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাক্রম নির্ধারণ করা হবে। সমান জিপিএ প্রাপ্তদের ক্ষেত্রে ধারাবাহিক মূল্যায়ন (Continuous Assessment) ব্যতীত মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। প্রাপ্ত নম্বর সমান হলে নীতিমালায় ৩.৩ অনুচ্ছেদে উল্লিখিত পদ্ধতি অনুসরণ করা হবে।
- ৭। ভর্তির ফলাফল ৩ (তিন) টি পর্যায়ে প্রক্রিয়াকরণ করা হবে। একজন শিক্ষার্থীকে তার মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচন করা হবে। নির্বাচিত শিক্ষার্থী নিজেই অন-লাইনে নগদ/ সোনালী ব্যাংক/টেলিটক/বিকাশ/শিওর ক্যাশ /রকেট এর মাধ্যমে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা নির্দেশনা অনুসরণ পূর্বক জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে। প্রাথমিক নিশ্চায়ন না করলে মনোনয়ন ও আবেদন বাতিল হয়ে যাবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ ২ (দুই) বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে। এ ক্ষেত্রে মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দ ক্রমানুসারে উপরের দিকে যাবে। স্বয়ংক্রিয় মাইগ্রেশন হলে সেটি চূড়ান্ত বলে বিবেচিত হবে। তাই পছন্দক্রম খুবই গুরুত্বপূর্ণ। আবেদনের বিস্তারিত সময়সূচী www.xiclassadmission.gov.bd ও বোর্ডের ওয়েবসাইটে (www.bisectg.gov.bd) দেয়া আছে। আবেদনের প্রতিটি পর্যায়ে ফল এবং স্বয়ংক্রিয় মাইগ্রেশনের ফল শিক্ষার্থীর Contact Number এ এস এম এস এর মাধ্যমে জানানো হবে এবং www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটে থেকে নির্ধারিত পদ্ধতিতে জানা যাবে। শিক্ষার্থীদের ১৩ সেপ্টেম্বর ২০২০ থেকে ১৫ সেপ্টেম্বর ২০২০ এর মধ্যে মনোনীত কলেজের নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় ভর্তি ফি দিয়ে কলেজে ভর্তি হতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

চট্টগ্রাম।